

৪-৫ বছরেই মধ্যম আয়ের দেশে উন্নীত হবে বাংলাদেশ

27 Aug 2013 02:30:06 PM Tuesday BdST



সিনিয়র করেসপন্ডেন্ট
বাংলানিউজটোয়েন্টিফোর.কম

ঢাকা: আগামী চার থেকে পাঁচ বছরের মধ্যেই বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী ড. আবুল মাল আব্দুল মুহিত। রাজধানীর সোনারগাঁও হোটেলে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, আমাদের অর্থনীতির যে বর্তমান ধারা, তাতে আগামী চার থেকে পাঁচ বছরের মধ্যেই আমরা মধ্যম আয়ের দেশে পরিণত হতে পারবো। এজন্য মাথাপিছু আয়, আমদানি-রপ্তানি বাণিজ্য ও মানবিক সূচকে যে অগ্রগতি ও প্রবৃদ্ধি প্রয়োজন, আমরা সে পথেই আছি।

তিনদিন ব্যাপী এশীয় উন্নয়ন সহযোগিতার ওপর অনুষ্ঠিত কর্মশালার সমাপনী উপলক্ষে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন তুঁইয়া ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মোহাম্মদ আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন।

এ সময় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী বলেন, আমরা যদি অনুন্নত দেশের কাতার থেকে বেরিয়ে আসি, তবে বৈদেশিক সহায়তার শর্তও পাল্টাবে। আস্তে আস্তে কমলেও তা একেবারে চলে যাবে না।

রোববার শুরু হওয়া এ কর্মশালায় ১২টি দেশের ২৮ জন প্রতিনিধি অংশ নেন। এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের উন্নয়ন সহযোগিতা আরও জোরদার করার কর্মকৌশল নির্ধারণের সুপারিশমালা চূড়ান্ত হয় এ কর্মশালা থেকে।

বাংলাদেশ সময়: ১৪০৯ ঘণ্টা, আগস্ট ২৭, ২০১৩

এসআর/আরআই/এডিবি/

বাংলানিউজটোয়েন্টিফোর.কম এডিটর-ইন-চিফ: আলমগীর হোসেন

মিডিয়া হাউজ, প্লট#৩৭১/এ (৩য় তলা), রক#ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা-১২২৯, বাংলাদেশ

নিউজরুম মোবাইল ফোন: +৮৮-০১৭২২০৭৬২৯৬, ০১৭২২০৭৬২৯৯, ০১৭২২০৭৭৩৩০, ০১৭২২০৭৬২৯৫৪ ফোন: +৮৮০ ২ ৮৪০২১৮১-২ আই.পি. ফোন: +৮৮০-২৬১২১২০০০০

ফ্যাক্স: +৮৮০ ২ ৮৪০ ২৩৪৬

ইমেইল: news.bn24@gmail.com, news@banglanews24.com (সেন্ট্রালডেস্ক) corr.bn24@gmail.com (কান্ট্রিডেস্ক), editor@banglanews24.com (এডিটর-ইন-চিফ)

বাংলায় লেখা হলে ইউনিকোডে পরিবর্তন করে ইমেইল করুন

একটি ইউনিকোডে প্রতিষ্ঠান

কপিরাইট © 2013 banglanews24.com সকল স্বত্ব ® সংরক্ষিত